

ভর্তি সমস্যা মোকাবেলায়

উত্তরাঞ্চলে শতাধিক নূতন কলেজ প্রতিষ্ঠার উদ্যোগ

রাজশাহী অফিস ॥ চলতি বছর এস এস সি পরীক্ষায় অধিক সংখ্যক ছাত্র-ছাত্রী পাস করায় এবং চালু সরকারী ও বেসরকারী কলেজ গুলিতে সিট সংখ্যা বৃদ্ধি না হওয়ায় উত্তরাঞ্চলের ঘোলাটি

জেলার কলেজ স্থাপনের হিড়িক পড়িয়াছে। একই সাথে বড় বড় মাধ্যমিক স্কুল গুলিতেও একাদশ শ্রেণী খোলার উদ্যোগ চলিতেছে। রাজশাহী শিক্ষাবোর্ড হইতে জানা গিয়াছে, আগষ্ট মাসের শেষ

পর্যন্ত একশতের উপর নূতন কলেজ স্থাপন ও একাদশ শ্রেণী চালুর অনুমতি চাওয়া হইয়াছে। সেপ্টেম্বর মাসের শেষ অবধি আরও পঞ্চাশটির মত কলেজ স্থাপনের আবেদনপত্র পাওয়া যাইবে

বলিয়া অনুমান করা হইতেছে।

একটি কলেজের তিন মাইলের ব্যাসার্ধ মধ্যে নূতন কলেজ খোলার ক্ষেত্রে বিধিনিষেধ থাকায় বেশীর ভাগ থানা সদর হইতে মহিলা কলেজ স্থাপনের আবেদনপত্র পাওয়া যাইতেছে। মহিলা কলেজ স্থাপনের ক্ষেত্রে এই রকম কোন বিধি-নিষেধ নাই। মহানগরী ও জেলা শহরগুলিও এই বিধি নিষেধের বাহিরে। ফলে মহানগরী ও জেলা শহরগুলি হইতে নূতন কলেজ স্থাপনের বহু আবেদনপত্র ইতিমধ্যে শিক্ষা বোর্ডের হস্তগত হইয়াছে। রাজশাহী শিক্ষা বোর্ডের জনৈক উর্ধ্বতন কর্মকর্তা এই প্রতিনিধির সহিত আলাপে বলিয়াছেন, তাহারা দেখিয়া শুনিয় কলেজ খোলার অনুমতি প্রদান করিবেন। তবে তাহারা শিক্ষা প্রসারের বিরোধী নহে। মহিলাদের ক্ষেত্রেও নয়। তিনি আরও জানান, কলেজ চালু হওয়ার দুই বৎসর পর শিক্ষকেরা সরকারী অনুদান অর্থাৎ বেতনের শতকরা আশি ভাগ পান। উক্ত কর্মকর্তা জানান যে কলেজের ধরপাকড়ের লোক রহিয়াছে সেই কলেজ নির্ধারিত সময়ের আগেও সরকারী অনুদান পাইতে পারে। এদিকে বিভিন্ন স্থানে কলেজ

(৮ম পৃঃ-৩ঃ)

উত্তরাঞ্চলে শতাধিক কলেজ

তিনি-অধ্যাপক হিসাবে নিয়োগপত্র পাইতেছেন। অভিযোগে প্রকাশ, ডোনেশন কলেজের নামে নেওয়া হয় : ইহা হয় প্রকাশ্যভাবে। আবার অপ্রকাশ্যে কিছু টাকা অধ্যক্ষ বা কলেজের সহিত জড়িত ব্যক্তিদের দিতে হয়। ডোনেশন, প্রথা দিন দিন বাড়িয়া যাইতেছে। বাড়িয়া যাইতেছে ডোনেশনের পরিমাণও। নূতন কলেজের অধ্যক্ষ অথবা অন্য কোন কর্মকর্তার কন্যা অথবা আত্মীয়-স্বজনকে বিবাহ করিলেও নূতন কলেজে চাকুরী জুটিয়া যাইতেছে। কলেজে অধ্যাপক নিয়োগের জন্য ইন্টারভিউ প্রথা চালু রহিয়াছে। ডোনেশন প্রথা যেভাবে- চালু হইতেছে তাহাতে কলেজগুলিতে মেধাবী প্রার্থীরা সুযোগ পাইতেছেন কিনা সন্দেহ। শিক্ষার মানও উন্নত হইতেছে না।

বাউফলে দুইটি নূতন কলেজ

বাউফল হইতে সংবাদদাতা জানান, বর্তমান শিক্ষা বছর হইতে বাউফল থানায় আরও নূতন দুইটি কলেজ চালু হইয়াছে। কলেজ দুইটি হইতেছে নুরাইনপুর বন্দরে অবস্থিত নুরাইনপুর কলেজ এবং নওমালা ইউনিয়নে নওমালা বহুমুখী মহাবিদ্যালয়। এই নূতন দুইটি কলেজসহ বাউফলে এখন কলেজের সংখ্যা ৭। ইতিমধ্যে সরকার পুরাতন হাইস্কুলগুলিতে একাদশ শ্রেণী খোলার অনুমতি দেওয়ায় বাউফল থানায় কাছিপাড়া হাইস্কুল, ধুলিয়া হাইস্কুল, কনকদিয়া হাইস্কুল ও আদাবাড়িয়া হাইস্কুলে প্রচারপত্র দিয়া একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তি শুরু হইয়াছে। কলেজগুলি প্রতিষ্ঠিত হইতেছে বিশুবিদ্যালয় হইতে পাগকরা স্থানীয় বেকার তরুণ-তরুণীদের নিয়া এবং দানশীল ব্যক্তিদের আর্থিক সাহায্যসহযোগিতায়।